দৈনিক খবর

তারিখ ... 05 MAR 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# এরশাদ থাইল্যান্ডেঃ 'সবার জন্য শিক্ষা' বিশ্ব সম্মেলনে আজ ভাষণ

পাটায়া (থাইল্যান্ড), ৪ঠা মার্চ (বাসস)।- রাষ্ট্রপতি এরশাদ 'সবার জন্য শিক্ষা' সংক্রান্ত বিশ্ব সম্মেলনে যোগদানের জন্যে আজ এখানে এসে পৌঁছেছেন।

রাষ্ট্রপতি আগামীকাল সাগর তীরের 'অবসরযাপন কেন্দ্র জোমটিয়েনে' বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেবেন।

রাষ্ট্রপতি বিকেলে ব্যাংকক থেকে এখানে এসে পৌঁছেন। পাঁচ দিনের সম্মেলনে জাতিসংঘের চার সংস্থা

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## এরশাদ থাইল্যান্ডে

প্রথম পৃষ্ঠার পর

ইউনেস্কো, ইউএনডিপি, ইউনিসেফ ও বিশ্ব ব্যাংক এবং অন্যান্য কয়েকটি সংস্থার যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে।

এর আগে রাষ্ট্রপতি ব্যাংককের ডন মং আন্তর্জাতিক বিমান বন্দরে এসে পৌঁছুলে থাইল্যান্ডের শিক্ষা উপমন্ত্রী মিঃ সরকুল শ্রীপ্রম তাঁকে অভ্যর্থনা জানান।

রাষ্ট্রপতি এরশাদ গতকাল রোববার সকালে ঢাকা থেকে থাইল্যান্ডের উদ্দেশ্যে রওয়ানা হয়ে যান।

জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমেদ, প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ, মন্ত্রিবর্গ, তিন বাহিনীর তিন প্রধান, কূটনৈতিক ও উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তিন বাহিনীর একটি সুসজ্জিত দল তাঁকে অভিবাদন জানায়। রাষ্ট্রপতি অভিবাদন গ্রহণ করেন এবং গার্ড পরিদর্শন করেন।

### রাষ্ট্রপতি সকাশে চীনা উপ-প্রধানমন্ত্রী

চীনের উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রীয় শিক্ষা কমিশনের চেয়ারম্যান মিঃ লী তায়েইন আজ রাষ্ট্রপতি এরশাদের সাথে তাঁর হোটেল কক্ষে দেখা করেন।